কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ১২.২০.০০০০.০১৩.২৫.০০২.২০/৭৪৪ তারিখঃ ২৯/০৩/২০২২ খ্রি.

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির ৩য় প্রান্তিকে (জানুয়ারি-মার্চ, ২০২২) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিএআরসি'র ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম [১.১] অনুসারে 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির' ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ) সভা ২৯ মার্চ ২০২২ তারিখে কমিটির আহবায়ক ও পরিচালক (কম্পিউটার ও জিআইএস) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

২৯/০৩/২০২২

(মো: আল মোবাচ্ছের হোসেন)
প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (চলতি দায়িত্ব)
ও
সদস্য সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ড. মো: ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং আহবায়ক, সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি, ঢাকা।
২. জনাব হাসান মো: হামিদুর রহমান, পরিচালক (কম্পিউটার এন্ড জিআইএস) এবং আহবায়ক, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি, ঢাকা।
৩. জনাব মো: মুস্তাফিজুর রহমান, প্রধান টেকনিক্যাল অফিসার এবং সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি বিএআরসি, ঢাকা।
৪. ড. সুরাইয়া পারভীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (টিটিএমইউ) এবং সদস্য সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি ও ফোকাল পয়েন্ট, এপিএ টীম, বিএআরসি, ঢাকা।

অনুলিপিঃ

১) পরিচালক (কম্পিউটার এন্ড জিআইএস), বিএআরসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২) নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ঢাকা।
৩) অফিস কপি।

ফোন: +৮৮০-২-৯১৩৫৫৮৭, +৮৮০-২-৯১১০৮৪২; ফ্যাক্স: +৮৮০-২-৯১২৮০৬১, +৮৮০-২-৮১১০৯২৪
ই-মেইল: ec-barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**ফার্মগেট, ঢাকা-১২১৫**
**www.barc.gov.bd**

"বিএআরসি এর ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন পরিকল্পনা কার্যক্রম [১.১] অনুসারে ৩য় প্রান্তিকে (জানুয়ারি-মার্চ, ২০২২) অনুষ্ঠিত ' সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির' সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ঃ হাসান মোঃ হামিদুর রহমান, পরিচালক (কম্পিউটার ও জিআইএস), আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, বিএআরসি। |
| সভার তারিখ | ঃ ২৯ মার্চ ২০২২ খ্রি. |
| সময় | ঃ সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | ঃ কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অত:পর সদস্য সচিব, জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (চলতি দায়িত্ব) সভাকে অবহিত করেন যে, বিএআরসি এর ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর কার্যক্রম [১.১] অনুসারে ৩য় প্রান্তিকে (জানুয়ারি-মার্চ ২০২২) 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন' সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অদ্যকার সভার আয়োজন করা হয়েছে।

১.২। সভাপতি সভায় অবহিত করেন যে, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের স্বচ্ছতা, শৃংঙ্খলা এবং জবাবদিহিতা বৃদ্ধিতে সেবা প্রদান প্রতিশ্রুতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। পরবর্তীতে সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে সদস্য সচিব বিগত সভার সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি সভাকে অবহিত করেন, যা নিম্নরূপঃ

| ক্র. নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | পরিবীক্ষণ কমিটি কর্তৃক ৩য় ত্রৈমাসিক ০১টি নাগরিক সেবা (সার ও সার উৎপাদনের কাঁচামাল এর বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ); ০১ টি দাপ্তরিক সেবা (মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রেরণ) এবং ০২ টি অভ্যন্তরীণ সেবা ( i) পণ্য ক্রয় ও মুদ্রণ সার্ভিস, ii) স্টেশনারী পণ্য সরবরাহ) সিটিজেন চার্টার অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে কি না তা পরিবীক্ষণ করা হবে। | পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত মতে ০১টি নাগরিক সেবা (সার ও সার উৎপাদনের কাঁচামাল এর বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ); ০১ টি দাপ্তরিক সেবা (মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রেরণ) এবং ০২ টি অভ্যন্তরীণ সেবা [(i) পণ্য ক্রয় ও মুদ্রণ সার্ভিস, ii) স্টেশনারী পণ্য সরবরাহ] সেবা প্রদানকারী বিভাগ, ইউনিট ও শাখা পরিদর্শন করা হয়েছে। কৃষি মন্ত্রণালয়ে পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণসহ ওয়েবসাইটের সেবা বক্সে আপলোডের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ২. | নির্ধারিত কার্যদিবসে সেবা প্রদানে সকল বিভাগ/ইউনিট/শাখায় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্র প্রেরণ; | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণে ব্যবস্থা গ্রহণ; | ৩য় প্রান্তিকে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। |

চলমান পাতা-২

১.৩। পরিশেষে কমিটির সদস্যগণ কাউন্সিলের বিভিন্ন শাখায় পরিদর্শন করে কাজের পরিবেশ, প্রদেয় সেবার মান ইত্যাদি বিভিন্ন বিষয়াদি পর্যবেক্ষণ করেন। কাউন্সিলের ন্যূনতম একটি নাগরিক, একটি দাপ্তরিক এবং একটি অভ্যন্তরীল সেবা প্রদানকারী ইউনিট/শাখা আকস্মিক পরিদর্শনপূর্বক কার্যক্রম চলমান রাখা প্রয়োজন মর্মে সভাপতির বক্তব্যে কমিটির সদস্যগণ একমত পোষণ করেন।

২। পরিশেষে বিশদ আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়;

| ক্র. নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে কি-না তা নিশ্চিতকরণে ন্যূনতম একটি নাগরিক, একটি দাপ্তরিক এবং একটি অভ্যন্তরীণ সেবা প্রদানকারী বিভাগ/ ইউনিট/শাখা আকস্মিক পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়ন; | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি |
| ২. | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ; | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি |
| ৩. | নির্ধারিত কার্যদিবসে সেবা প্রদানে সকল বিভাগ/ ইউনিট/শাখায় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্র প্রেরণ; | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি |

৩। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২৭/০১/২০২২

(হাসান মোঃ হামিদুর রহমান)
পরিচালক (কম্পিউটার ও জিআইএস)
ও
আহবায়ক
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
বিএআরসি